

Bhavan's Tripura Vidyamandir1st Terminal Examination: (2024-2025)**Class:- 8**

Time:- 3 Hours

Name of the student :

Subject:- Bengali

Total :- 80 Marks

Roll: Section:

১) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বাছাই করে লেখো।

১X৫=৫

প্রায় দেড়শত বছর পূর্বে ইটালি দেশে গ্যালভানি নামে একজন অধ্যাপক দেখিতে পাইলেন যে, লোহা ও তামার তার দিয়ে মরা ব্যাঙকে স্পর্শ করিলে ব্যাঙ নড়িয়া উঠে। তিনি অনেক বৎসর ধরিয়া এই ঘটনাটি সম্বন্ধে তথ্য অনুসন্ধান করিতে লাগিলেন। এই সামান্য বিষয় লইয়া এত সময়ের অপব্যয় করিতে দেখিয়া লোকে তাঁহাকে উপহাস করিত। তাঁহার নাম হইল 'ব্যাঙ নাচানো অধ্যাপক'। বন্ধুরা আসিয়া বলিতে লাগিলেন, 'মরা ব্যাঙ যেন নড়িল, কিন্তু ইহাতে লাভ কি?' কি লাভ? এর দেড়শত বৎসরের মধ্যে বিদ্যুৎ শক্তি আবিষ্কারের ফলে পৃথিবীর ইতিহাসই যেন পরিবর্তিত হইয়াছে।

ক) লোহার সঙ্গে আর কোন তার দিয়ে মরা ব্যাঙকে স্পর্শ করলে ব্যাঙ নড়ে ওঠে?

i) কপার

ii) স্টেইনলেস স্টিল

iii) তামা

iv) অ্যালুমিনিয়াম

খ) ইটালিতে অধ্যাপক গ্যালভানি মরা ব্যাঙের এমন নড়াচড়া কত বছর আগে দেখেছিলেন?

i) পঞ্চাশ বছর

ii) একশো বছর

iii) দেড়শত বছর

iv) তিরিশ বছর

গ) গ্যালভানি কোন দেশের মানুষ ছিলেন?

i) ইটালি

ii) নেপাল

iii) জার্মানি

iv) চীন

ঘ) এই বিষয় নিয়ে সময় অপব্যয় করতে দেখে লোকে তাঁকে কী বলতো?

i) খারাপ বলতো

ii) উপহাস করতো

iii) প্রশংসা করতো

iv) গালাগাল করতো

ঙ) 'ব্যয়' শব্দের বিপরীত অর্থ লেখো।

i) সংগ্রহ

ii) কেনা

iii) আয়

iv) খরচ

২) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো দুটি)

৩X২=৬

ক) 'দেবতা বুঝি কৃপা করিলেন।' — কেন এমন কথা বলা হয়েছে? দেবতা কৃপা করায় কী হয়েছিল?

খ) হিমাংশুর স্বভাব কী রকম ছিল?

গ) তখনকার দিনে শিক্ষাদীক্ষা কোন রীতিতে চলত? কাদের উচ্চ শিক্ষিত বলে গণ্য করা হতো?

৩) নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো দুটি)

৫X২=১০

ক) বাংলায় কেন কান্নার কোলাহল পড়ে গিয়েছিল?

খ) 'ছেড়ে যেয়ো না এবার, আমায় বাঁচাও।' — কে কাকে বলে? কেন এই কাতর প্রার্থনা? যাকে এই কথা বলা হয়েছে, তার মানসিক অবস্থার পরিচয় দাও।

গ) 'এই ইতিহাস বদলাতে হবে।' — কোন ইতিহাসের কথা বলা হয়েছে? কেনো এই ইতিহাস বদলাতে হবে?

৪) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো দুটি)

৩X২=৬

ক) পথিক কেন অকালের পদ্মফুলাটি কিনতে চায়?

খ) দিনের আলো কীভাবে আঁধার করে শিশুটি চলে যায়?

গ) কেন রামচন্দ্রের সর্বদা সীতার কথা মনে হয়?

৫) নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো দুটি)

৫X২=১০

ক) 'ছিন্ন-মুকুল' কবিতায় কবি যে-সব শূন্যতার কথা বলেছেন, তা নিজের ভাষায় লেখো।

খ) সুদাস অনেক দাম পাওয়া সত্ত্বেও কেন শেষপর্যন্ত ফুলাটি বিক্রি করতে নারাজ হয়? অবশেষে ফুল নিয়ে সে কী করে?

গ) রামচন্দ্র কী কী বলে বিলাপ করেছেন, নিজের ভাষায় লেখো।

৬) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখো (যে কোনো চারটি)

১X৪=৪

ক) কোন মাসে দেবতা বিমুখ হয়েছিল?

i) শ্রাবণ মাসে

ii) আশ্বিন মাসে

iii) চৈত্র মাসে

iv) পৌষ মাসে

খ) সে কোন নদীর তীরে ফুলের চাষ করে?

i) গঙ্গা নদী

ii) গোমতী নদী

iii) সুবর্ণরেখা নদী

iv) পদ্মা নদী

গ) রাম কার কাছে বিলাপ করছেন?

i) রাবণের কাছে

ii) হনুমানের কাছে

iii) লক্ষ্মণের কাছে

iv) ভরতের কাছে

ঘ) পথিক কত টাকা দিতে চায়?

i) এক মাষা স্বর্ণ

ii) তিন মাষা স্বর্ণ

iii) পাঁচ মাষা স্বর্ণ

iv) ছয় মাষা স্বর্ণ

ঙ) রামমোহন কতদিন পরে দেশে ফিরে আসেন?

i) তিন বছর পর

ii) সাত বছর পর

iii) পাঁচ বছর পর

iv) চার বছর পর

৭) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলির পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও (যে কোনো চারটি)

১X৪=৪

ক) মন্বন্তরে যে গ্রামের কথা বলা হয়েছে তার নাম কী?

খ) রোজ সে কোথায় উপস্থিত থাকত?

গ) কীসের বাজনা শুনে সে চলে গেল?

ঘ) রামমোহনের পিতার নাম কী?

ঙ) সুদাস পদ্মাটি কোথায় রাখে?

৮) নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও —

ক) শব্দার্থ লেখো — (যে কোনো চারটি)

১X৪=৪

অসামান্য, কানন, বিলাপ, নৃপতি, সম্মুখে

খ) বিপরীত শব্দ লেখো — (যে কোনো তিনটি)

১X৩=৩

প্রবেশ, বিসর্জন, আনন্দ, অনুজ

গ) পদান্তর করো — (যে কোনো তিনটি)

১X৩=৩

লোক, মাটি, শাস্ত্র, পন্ডিত

৯) নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও—

ক) উপসর্গ কাকে বলে? উদাহরণ দাও।

২

খ) সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো দুটি)

১X২=২

পুরোধা,

খানিক,

তপোবন

গ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো দুটি)

১X২=২

রথদেখা,

দেশেবিদেশে,

চন্দ্রবদন

ঘ) বহুপদের একপদীকরণ নির্ণয় করো (যে কোনো দুটি)

১X২=২

i) যে পরিমিত ব্যয় করে

ii) যা সহজে পাওয়া যায়

iii) যার সীমা নেই

ঙ) শুদ্ধ বানানটি বাছাই করে লেখো (যে কোনো দুটি)

১X২=২

i) সদ্যজাত/সদ্যোজাত/শদ্যজাত

ii) পিপীলিকা/পিপিলিকা/পীপীলিকা

iii) অহরাত/অহোরাত্র/অহরাত্র

১০) পত্র লিখন (যে কোনো একটি)

৭

ক) তোমার এলাকায় রাস্তায় জল জমে যাওয়ার সমস্যা জানিয়ে পৌরপিতার নিকট পত্র।

অথবা

খ) তোমার বিদ্যালয়ে রবীন্দ্র জয়ন্তী পালিত হয়েছে তা জানিয়ে বন্ধুর নিকট পত্র।

১১) পাঠ্য মনের মত গল্প থেকে সঠিক উত্তরটি বাছাই করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও —

১X৪=৪

ক) লেখকের স্কুলের নাম কী?

i) বালিগঞ্জ হাইস্কুল

ii) বালিগঞ্জ গভর্নমেন্ট হাইস্কুল

iii) গভর্নমেন্ট হাইস্কুল

iv) বালিগঞ্জ দ্বাদশ বিদ্যালয়

খ) কত বছর বয়সে লেখক স্কুলে ভর্তি হতে গিয়েছিলেন?

i) সাড়ে আট বছর

ii) সাড়ে তিন বছর

iii) সাড়ে ছয় বছর

iv) সাড়ে সাত বছর

গ) সবাই ফোল্ডিং চেয়ারে বসে কী দেখছিল?

i) শেক্সপিয়ার

ii) জীবনানন্দ দাশ

iii) টলস্টয়

iv) স্বামী বিবেকানন্দ

ঘ) লেখকের ভালো নাম কারা ব্যবহার করতেন?

i) বন্ধুরা

ii) প্রতিবেশীরা

iii) মাস্টার মশায়রা

iv) আশ্রমের লোকেরা

১২) নীচের সংকেতগুলি পড়ে শিরোনাম ও নীতি কথা সহ একটি গল্প রচনা করো—

৪

সংকেত: এক দাঁড়কাক ময়ূরপুচ্ছ পরে — ময়ূরের দলে মিশতে গেল — ময়ূরেরা সঙ্গে নিল না —

দাঁড়কাকদের কাছে ফিরে গেল — তারাও তাড়িয়ে দিল।